


নোটিশ

বিষয় : বেসরকারী স্বৈচ্ছাসেবী সংগঠন (NGO) কর্তৃক প্রকল্প প্রস্তাবে (এফডি-৬) সহযোগী এনজিও সংক্রান্ত তথ্য প্রদান।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ২৯/০৫/২০০১ তারিখে জারীকৃত ৩৩.৪৩.২৭.০০-০০.০১.২০০০-১০৭ নং স্মারকের ৬.৩ অনুচ্ছেদে সহযোগী এনজিওদের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কতিপয় শর্ত রয়েছে। কিন্তু বিভিন্ন এনজিও সহযোগী এনজিওদের তথ্য বিভিন্নভাবে প্রদান করছে। এতে প্রকল্প অনুমোদনে/ প্রক্রিয়াকরণে জটিলতার সৃষ্টি হচ্ছে। যে সকল প্রকল্পে সহযোগী এনজিওদের সংশ্লিষ্টতা থাকবে সে সকল প্রকল্পে সহযোগী এনজিও সংক্রান্ত নিম্নলিখিত তথ্য প্রকল্প প্রস্তাবের সাথে (সর্বোচ্চ ২ পৃষ্ঠা) সংযোজন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলঃ

- (ক) সংস্থার নাম ও ঠিকানা।
- (খ) এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধন নম্বর/নিবন্ধন নবায়ন সনদপত্রের ছায়াছবি।
- (গ) Voluntary Social Welfare Agencies (Registration & Control) Ordinance 1961 মোতাবেক সমাজ সেবা অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর এর নিবন্ধন নম্বর/ সনদপত্রের ছায়াছবি।
- (ঘ) PNGO কে প্রতিশ্রুত মোট অর্থের পরিমাণ।
- (ঙ) প্রস্তাবিত প্রত্যেক কার্যক্রম, বাস্তবায়ন এলাকা (ইউনিয়ন পর্যায় পর্যন্ত), প্রত্যেক কার্যক্রমের বিপরীতে বরাদ্দ এবং কোন কাজ কোন সময় হবে সে মর্মে ছকে তথ্যাবলী।
- (চ) বাস্তবায়নকারী এনজিও (Lead NGO) কখন কখন বা কিভাবে সহযোগী এনজিওদের কার্যক্রম পরিবীক্ষণ করবে সে মর্মে সংক্ষিপ্ত বর্ণনা।
- (ছ) অনুচ্ছেদ-গ' তে উল্লিখিত সহযোগী এনজিও দ্বারা প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে Lead NGO কে কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হবে এ মর্মে প্রতিশ্রুতিপত্র।

এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



০৬.৪.১০
(ড. খুরশীদ আলম)

সহকারী পরিচালক

ফোন- ৯৫৬২৭৪৩-৫।

ad2@ngoab.gov.bd

বিতরণঃ

- ১। সকল এনজিও নির্বাহী প্রধান।
- ২। পরিচালক (প্রকল্প-১/২), এনজিও বিষয়ক ব্যুরো।
- ৩। উপ-পরিচালক (সাঃ), এনজিও বিষয়ক ব্যুরো।
- ৪। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (তাকে নোটিশটি এনজিও বিষয়ক ব্যুরোর ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- ৫। সহকারী পরিচালক-২, এনজিও বিষয়ক ব্যুরো।
- ৬। এসাইনমেন্ট অফিসার -(১/২/৩/৪/৫), এনজিও বিষয়ক ব্যুরো।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো।